২০২০

বাংলা — সাম্মানিক

পঞ্চম সেমেস্টার

পত্র : CC-11

(সাহিত্যের রূপ ও রীতি)

পূর্ণমান - ৬৫

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। (ক) মহাকাব্য বলতে তুমি কী বোঝো? সাহিত্যিক মহাকাব্যের বৈশিষ্ট্যগুলির পরিচয় দাও। ৩+৭

অথবা,

(খ) অ্যাবসার্ড নাটক উদ্ভবের পটভূমি সংক্ষেপে বর্ণনা করে এ-জাতীয় নাটকের সাধারণ লক্ষণগুলির পরিচয় দাও। ৪+৬

২। (ক) আঞ্চলিক উপন্যাসে আঞ্চলিকতার উপাদানগুলি কীভাবে ব্যবহৃত হতে পারে তা বুঝিয়ে দাও। ১০

অথবা,

(খ) সাহিত্য-সংরূপ হিসাবে উপন্যাস ও ছোটগল্পের একটি তুলনামূলক আলোচনা করো। ১০

৩। (ক) উপযুক্ত দৃষ্টান্তসহযোগে পত্রসাহিত্যের লক্ষণগুলির পরিচয় দাও। ১০

অথবা,

(খ) বস্তুনিষ্ঠ ও ব্যক্তিনিষ্ঠ প্রবন্ধরীতির পার্থক্য বিষয়ে একটি সংক্ষিপ্ত নিবন্ধ রচনা করো। ১০

৪। (ক) বিষয়গত দিক থেকে কবিগানের বিভিন্ন পর্যায়গুলি উল্লেখ করো। ৫

অথবা,

(খ) ট্র্যাজেডির সাধারণ বৈশিষ্ট্যগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

৫। (ক) ইতিহাস-আশ্রয়ী উপন্যাস ও খাঁটি ঐতিহাসিক উপন্যাসের মধ্যে পার্থক্য কোথায় বলে তুমি মনে করো? ৫

অথবা,

(খ) অণুগল্প সম্পর্কে তোমার ধারণা সংক্ষেপে লেখো। ৫

৬। (ক) জীবনকাহিনি কখন সাহিত্য হয়ে ওঠে তা একটি উদাহরণসহযোগে বুঝিয়ে দাও। ৫

অথবা,

(খ) ভ্রমণকাহিনি কখন সাহিত্য হয়? —একটি উদাহরণসহ বোঝাও। ৫

৭। সংক্ষেপে আলোচনা করো (*যে-কোনো একটি*)। ৫×১

(ক) শেক্সপীয়রীয় সনেটের গঠনশৈলী

(খ) মৌখিক সাহিত্য রূপে রূপকথা

(গ) সমালোচনা সাহিত্য।

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও। ১×১৫

(ক) 'হাইকু' কাব্যরূপের উদ্ভব ঘটেছিল কোন দেশে?

(খ) বাংলা ভাষায় রচিত একটি নৃত্যনাট্যের নাম লেখো।

(গ) চেতনাপ্রবাহ রীতির উপন্যাসের একটি উদাহরণ দাও।

(ঘ) বাংলা ভাষায় লেখা প্রথম জীবনীসাহিত্য কোনটি?

(ঙ) একটি বাংলা রম্যরচনা গ্রন্থের নাম লেখো।

(চ) 'পালামৌ' কোন সাহিত্য-সংরূপের দৃষ্টান্ত?

(ছ) বাংলা ভাষায় লেখা প্রথম ঐতিহাসিক ট্র্যাজেডি কোনটি?

(জ) লিমেরিকের অন্ত্যমিলের বিন্যাসটি উল্লেখ করো।

(ঝ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত একটি রোমান্সধর্মী উপন্যাসের নাম লেখো।

(ঞ) ছোটগল্পের উদ্দেশ্য ও রচনারীতির সঙ্গে তুলনীয় নাট্য-সংরূপ কোনটি?

(ট) উপন্যাসের প্রধান পাঁচটি উপাদানের নাম উল্লেখ করো।

(ঠ) বাংলা ভাষায় প্রথম সনেট রচয়িতার নাম লেখো।

(ড) লেখকের নামোল্লেখসহ একটি স্মৃতিকথাধর্মী রচনার নাম লেখো।

(ঢ) 'জনা' নাটকটি কোন ধরনের নাটক?

(ণ) রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা একটি সমালোচনা সাহিত্যের নাম লেখো।

২০২০

বাংলা — সাম্মানিক

পঞ্চম সেমেস্টার

পত্র : CC-12

(নাটক ও নাট্যমঞ্চ)

পূর্ণমান - ৬৫

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। (ক) প্রহসন হিসাবে মাইকেল মধুসূদন দত্ত রচিত 'বুড় সালিকের ঘাড়ে রোঁ'-এর সার্থকতা বিচার করো। ১০

অথবা,

(খ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'মুক্তধারা' নাটকের অভিজিৎ চরিত্রটির পরিচয় দাও। ১০

২। (ক) 'কারাগার' নাটকটির নামকরণে মন্মথ রায়ের যে মনোভাব ব্যক্ত হয়েছে তা বিশ্লেষণ করে নাটকটির নামকরণের সার্থকতা বিচার করো। ১০

অথবা,

(খ) 'টিনের তলোয়ার' নাটকে উৎপল দত্তের বিশেষ কৃতিত্ব ময়না চরিত্রটির সৃজনে। — বিশ্লেষণ করো। ১০

৩। (ক) বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে বেলগাছিয়া নাট্যশালার অবদান আলোচনা করো। ১০

অথবা,

(খ) সমকালীন নাটকের অভিনয়ের পরিপ্রেক্ষিতে 'নাট্যনিয়ন্ত্রণ বিল' সম্পর্কে আলোচনা করো। ১০

৪। (ক) 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনে হানিফ গাজী চরিত্রটি মাইকেল মধুসূদন দত্ত বিশেষ কারণে সৃষ্টি করেছেন। — ব্যাখ্যা করো। ৫

অথবা,

(খ) 'তোরা আমাকে যত জড়িয়ে ধরছিস তোদের সাঁতার শেখা ততই পিছিয়ে যাচ্ছে।'— প্রসঙ্গ উল্লেখ করে বক্তার মনোভাবের পরিচয় দাও। ৫

৫। (ক) 'কারাগার' নাটকে সংগীতের ভূমিকা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

অথবা,

(খ) 'আমি বাংলার গ্যারিক'— উক্তিটির মধ্য দিয়ে বক্তার যে মনোভাব প্রকাশ পেয়েছে তা আলোচনা করো। ৫

৬। (ক) 'বাগবাজার অ্যামেচার থিয়েটার' সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

অথবা,

(খ) 'ন্যাশনাল থিয়েটার'-এর প্রতিষ্ঠার ইতিহাস সংক্ষেপে লেখো। ৫

৭। ***যে-কোনো একটি*** প্রশ্নের উত্তর দাও। ৫×১

(ক) 'এই জলের শব্দে আমি আমার মাতৃভাষা শুনতে পাই'— তাৎপর্য বিশ্লেষণ করো।

(খ) 'কারাগার আজ পুণ্যতীর্থ!'— উক্তিটি যে বিশেষ তাৎপর্য বহন করছে তা ব্যক্ত করো।

(গ) গণনাট্য আন্দোলনের পাঁচটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও। ১×১৫

(ক) 'বুড় সালিকের ঘাড়ে রোঁ'— কত সালে প্রকাশিত হয়?

(খ) 'পুঁটি' চরিত্রটির বিশেষত্ব কোথায়?

(গ) 'অম্বা' চরিত্রটিকে তোমাদের পাঠ্য কোন নাটকে পাওয়া যায়?

(ঘ) বিদূরথ কে?

(ঙ) 'শুন গো ভারতভূমি
কত নিদ্রা যাবে তুমি'।— গানটি তোমাদের পাঠ্য কোন্ নাটকে ব্যবহার করা হয়েছে?

(চ) 'কারাগার' নাটকটির প্রকাশকাল কত?

(ছ) লেবেদফ্ কোন দেশের মানুষ ছিলেন?

(জ) 'জোড়াসাঁকো নাট্যশালা' প্রতিষ্ঠার মূল উদ্যোগীদের মধ্যে একজনের নাম লেখো।

(ঝ) বিজন ভট্টাচার্যের 'নবান্ন' নাটকটির প্রথম অভিনয় হয় কবে?

(ঞ) 'দেবতা তাদের কেবল জলই দিয়েছেন, আমাকে দিয়েছেন জলকে বাঁধবার শক্তি।'— কার উক্তি?

(ট) 'নাটক ছাড়া আর আমি ভাবতে পারি না, ভাবিনি কখনো'— উক্তিটি কার?

(ঠ) 'কারাগার' কোন শ্রেণির নাটক?

(ড) 'আমার জীবনের স্রোত রাজবাড়ির পাথর ডিঙিয়ে চলে যাবে এই কথাটা কানে নিয়েই পৃথিবীতে এসেছি।'— কার উক্তি?

(ঢ) নবনাট্য আন্দোলন কাকে বলে?

(ণ) নবীনচন্দ্র বসুর শ্যামবাজারের থিয়েটারে কোন নাটকের অভিনয় হয়েছিল?

২০২০

বাংলা — সাম্মানিক

পঞ্চম সেমেস্টার

পত্র : DSE-A-2

(বাংলাদেশের সাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। (ক) জীবন ও সমাজের বিবিধ প্রতিকূলতার মুখে এক নারীর সংগ্রামের আখ্যান 'সূর্যদীঘল বাড়ী'।— আলোচনা করো। ১০

অথবা,

(খ) 'মহাকালের খাঁড়া' গল্পের নামকরণ কতটা যুক্তিযুক্ত আলোচনা করো। ১০

২। (ক) 'স্বাধীনতা তুমি' কবিতায় কবি শামসুর রহমান 'স্বাধীনতা' বলতে কী বুঝিয়েছেন তা তোমার নিজের ভাষায় লেখো। ১০

অথবা,

(খ) ভাষা আন্দোলনের প্রেক্ষিতে লেখা 'কবর' নাটকটির নামকরণ কতখানি তাৎপর্যপূর্ণ ব্যাখ্যা করো। ১০

৩। (ক) 'দ্বিজাতিতত্ত্বের সত্যমিথ্যা' প্রবন্ধে সিরাজুল ইসলাম চৌধুরী দ্বিজাতিতত্ত্বের উৎপত্তি ও বিবর্তন সম্পর্কে যে-যে মতামত দিয়েছেন, সে সম্পর্কে আলোকপাত করো। ১০

অথবা,

(খ) 'মুসলমানদের স্বদেশ প্রত্যাবর্তন' প্রবন্ধ অনুসারে মুসলমানদের কোন্ মানসিকতার পরিবর্তন হয়েছিল এবং কীভাবে, তা আলোচনা করো। ১০

৪। (ক) 'সূর্যদীঘল বাড়ী' উপন্যাসে পঞ্চাশের মন্বন্তরের প্রভাব কতটা পড়েছে সংক্ষেপে লেখো। ৫

অথবা,

(খ) 'খোয়াই নদীর বাঁকবদল' গল্পে বাবার কাছে নফিজা ও ক্ষেতের জমি কেন সমীকৃত হল তা আলোচনা করে বুঝিয়ে দাও। ৫

৫। (ক) 'আমি কিংবদন্তীর কথা বলছি' কবিতা অবলম্বনে 'কিংবদন্তী' বলতে কী নির্দেশ করা হয়েছে তা সংক্ষেপে আলোচনা করো। ৫

অথবা,

(খ) "গন্ধ শুঁকে তোমাদের গায়ে মুখে পাই মরার গন্ধ"— প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা করো। ৫

৬। (ক) অ্যাংলো ইন্ডিয়ানদের অবস্থা কেন শোচনীয় হল তা সংশ্লিষ্ট প্রবন্ধটি অনুসরণে বুঝিয়ে দাও। ৫

অথবা,

(খ) হিন্দু-মুসলমানের ব্যবধানকে অস্বীকার করার ফল কী হয়েছিল? ৫

৭। (ক) 'সূর্যদীঘল বাড়ী'-র ইতিহাস কেন ভীতিজনক? ৫

অথবা,

(খ) "চৌকাঠ ধরেছে এসে ননদীরা তোমার বয়সী/সমানত হয়ে শোনো সংসারের প্রথম সবক।"— প্রসঙ্গ নির্দেশ করে 'সবক'-এর পরিচয় দাও। ৫

অথবা,

(গ) "নতুন একটা দ্বি-জাতি তত্ত্বের বিকাশ শুরু হলো বাঙালীদের মধ্যে"— প্রসঙ্গ উল্লেখ করে আলোচনা করো। ৫

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও। ১×১৫

(ক) জয়গুন 'সূর্যদীঘল বাড়ী'-র কতটা অংশের মালিক?

(খ) 'সূর্যদীঘল বাড়ী'-তে কেন মানুষ বাস করতে চায় না?

(গ) জয়গুন ও তার সঙ্গীরা তিনরকমের চাল একসঙ্গে মেশায় কেন?

(ঘ) 'স্বাধীনতার বার্তা' জয়গুনদের কোন্ স্বপ্ন দেখিয়েছে?

(ঙ) মনুমিয়া কেন নিজেকে রাজা ভাবছিল?

(চ) 'সুন্দর মানুষ' গল্পে কোন মহামানব ও তাঁর অনুগামীর কথা বলা হয়েছে?

(ছ) আসগরের প্রিয় খাবার কী কী?

(জ) 'কাবিন' ও 'এবাদতনামা' শব্দদুটির অর্থ লেখো।

(ঝ) মহাদেব সাহা কবিতার বিষয় হিসেবে কোন দুটিকে জুঁই ফুলের থেকেও জীবন্ত মনে করেছেন?

(ঞ) "পিস্তলের কেস এটা নয় স্যার।"— 'কেস'-এর অর্থ লেখো।

(ট) "আমরা মরিনি। আমরা মরতে চাইনি। আমরা মরবো না।"— 'আমরা' কারা?

(ঠ) "অ্যাংলো ইন্ডিয়ানরা এদেশের সাথে আত্মীয়তা বোধ করতে না-পারার কারণ প্রধানত তিনটি।"— যে-কোনো একটি কারণ লেখো।

(ড) উচ্চশ্রেণির মুসলমানরা কোন জাতিতত্ত্ব প্রচার করতেন?

(ঢ) জিন্না চৌদ্দ দফাকে পরে এক দফায় এনেছিলেন। —সেটি কী?

(ণ) ডিজরেইলি কে?

২০২০

বাংলা — সাম্মানিক

পঞ্চম সেমেস্টার

পত্র : DSE-B-1

(বাংলা শিশু কিশোর সাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। (ক) 'ক্ষীরের পুতুল'— আক্ষরিক অর্থেই অবন ঠাকুরের রূপকথার মোড়কে লেখা ছবি।— আলোচনা করো। ১০

অথবা,

(খ) শিশুসাহিত্য হিসেবে 'ঠাকুমার ঝুলি' কতখানি সার্থক তা পাঠ্য গল্পগুলি অবলম্বনে আলোচনা করো। ১০

২। (ক) 'আবোল-তাবোল'— এই গ্রন্থনাম কতখানি সার্থক হয়েছে তা আলোচনা করো। ১০

অথবা,

(খ) 'খুকু ও খোকা' ছড়াটি সমকালীন সময়ের দলিল— আলোচনা করো। ১০

৩। (ক) 'ফেলুদা' চরিত্র কিশোর গোয়েন্দা সাহিত্যে অন্যমাত্রা সংযোজন করেছে— 'বাদশাহী আংটি' অবলম্বনে বিষয়টি ব্যাখ্যা করো। ১০

অথবা,

(খ) শক্তিমত্তা নয়, এমনকি বুদ্ধিমত্তাও নয়— 'কাকাবাবু' চরিত্র সৃষ্টিতে লেখকের তুরুপের তাস ছিল মনের জোর। — আলোচনা করো। ১০

৪। 'সুয়োরাণী' রাজামশাইকে বিদেশ থেকে কী কী আনতে বলেছিলেন? ৫

অথবা,

কিরণমালা চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো। ৫

৫। 'সৎপাত্র' কবিতা অবলম্বনে সৎপাত্রের পরিচয় দাও। ৫

অথবা,

'ঢাকাই ছড়া' ছেলে ভুলানো ছড়া হিসেবে কতটা সার্থক হয়েছে তা সংক্ষেপে আলোচনা করো। ৫

৬। 'বনবিহারীবাবু' চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো। ৫

অথবা,

সবুজ দ্বীপের 'রাজা'-র পরিচয় দাও। ৫

Please Turn Over

৭। টীকা লেখো (*যে-কোনো একটি*)। ৫×১

(ক) বানরপুত্রের অপূর্ব বুদ্ধিমত্তার পরিচয় দাও।

(খ) 'খিচুড়ি' কবিতায় 'জোড়কলম' শব্দের ব্যবহার।

(গ) কাল্পনিক অগ্নিবলয়ের যে পরিচয় সুনীল গঙ্গোপাধ্যায় দিয়েছেন তা নিজের ভাষায় লেখো।

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও ঃ ১×১৫

(ক) রাজামশাই কাকে জাহাজ সাজানোর আদেশ দিয়েছিলেন?

(খ) 'ঠাকুমার ঝুলি' গ্রন্থটি কতসালে প্রথম প্রকাশিত হয়?

(গ) বানর রাজার কাছ থেকে কী উপহার পেয়েছিল?

(ঘ) 'ঠাকুমার ঝুলি' গ্রন্থটিতে কতগুলি কাহিনির সমাবেশ ঘটেছে?

(ঙ) দুখু বুড়িমাকে কী বলে সম্বোধন করেছিল?

(চ) 'খিচুড়ি' কবিতার শুরুতে কবি কী না-মানার কথা বলেছেন?

(ছ) 'শ্যাম লাহিড়ী' কে ছিলেন?

(জ) কোন দেশের আইন-কানুন সর্বনেশে ছিল?

(ঝ) 'পক্ষিরাজ' ছড়াটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

(ঞ) 'চা-খোর পাখী' কে ছিল?

(ট) 'বাদশাহী আংটি' প্রথম কোথায় প্রকাশিত হয়?

(ঠ) 'যব ছোড় চলে লখ্‌নৌ নগরী'— গানটির রচয়িতা কে?

(ড) বনবিহারীবাবুর চিড়িয়াখানার দেখাশোনা কে করতেন?

(ঢ) আন্দামানে দ্বীপের সংখ্যা কত? সন্তু কতগুলো গুনেছিল?

(ণ) আন্দামানে এসে কাকাবাবু কোন জায়গা প্রথম দেখতে গিয়েছিলেন?